মেহেরপুরে বিশ্ব মৃত্তিকা দিবস পালিত

মাটি, খাদ্যের সূচনা যেখানে” প্রতিপাদ্যে র্যালি ও আলোচনার মধ্যে দিয়ে মেহেরপুরে পালিত হলো বিশ্ব মৃত্তিকা দিবস।

সোমবার সকাল সাড়ে ১০টার দিকে কৃষি মন্ত্রণালয়ের মৃত্তিকা সম্পদ বিভাগের আয়োজনে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে দিবসটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মৃত্তিকা সম্পদ বিভাগের কুষ্টিয়া অঞ্চলের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা আহাদ মণ্ডলের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন, মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শংকর কুমার মজুমদার, মেহেরপুর প্রাণি সম্পদ অধিদপ্তরের উপ-পরিচালক সাইদুর রহমান। মৃত্তিকা সভায় মাটির বিভিন্ন গুনগত মান বজায় রাখতে করণীয় বিষয়ক বিভিন্ন আলোচনা করা হয়।

মেহেরপুর পুলিশ লাইনস মাঠে অস্ত্র প্রশিক্ষণ ও রায়ট ড্রিল অনুশীলন

মেহেরপুর জেলার বিভিন্ন থানা, ক্যাম্প ও পুলিশ ফাঁড়ীতে কর্মরত পুলিশ সদস্যদের নিয়মিত প্রশিক্ষণের অংশ হিসেবে অস্ত্র প্রশিক্ষণ ও রায়ট ড্রিল অনুশীলন করা হয়েছে।
সোমবার সকালে মেহেরপুর পুলিশ লাইনস মাঠে এ অনুশীলন অনুষ্ঠিত হয়। অনুশীলনে বিভিন্ন ক্যাম্পের পুলিশ সদস্যরা অংশ নেন।

মুজিবনগরে আন্তর্জাতিক সেচ্ছাসেবক দিবস পালন

মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে আন্তর্জাতিক সেচ্ছাসেবক দিবস পালন করা হয়েছে।
দিবসটি পালন উপলক্ষে সোমবার বিকেলে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস প্রঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, উপস্থিত ছিলেন, সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ,সিডিপি কো-অপারেটিভ অফিসার জয় চক্রবর্তী, সিডিপির সমবায় সমিতির চেয়ারম্যান রেহেনা খাতুন।

অনুষ্ঠানে অতিথিরা স্বেচ্ছাসেবক কি, স্বেচ্ছাসেবকদের ভূমিকা, কাদের সেচ্ছাসেবক বলা হয় এবং স্বেচ্ছাসেবকের কার্যক্রম সম্পর্কে বক্তব্য তুলে ধরেন। অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন,সিডিপির ইয়ুথ লিডার শামিম খান।

আন্তর্জাতিক সেচ্ছাসেবক দিবসের অনুষ্ঠানে সিডিপির প্রায় ৪০ জন সেচ্ছাসেবক অংশগ্রহন করেন।

অনলাইন জুয়ার আরও তথ্য মিলল মুজিবনগরের চার এজেন্টের কাছে

তিন দিনের পুলিশ রিমান্ডে অনলাইন জুয়ার আদ্যপ্রান্ত তথ্য দিলেন মেহেরপুর শহরের এবি ক্যাফে থেকে আটক ৪ অনলাইন জুয়াড়ী। তারা হলেন,

অনলাইন জুয়ার এজেন্ট- মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের সাইদুর ইসলাম (২২), জাহাঙ্গীর আলম (২৫),রফিকুল ইসলাম (৪১) এবং সদর উপজেলার পিরোজপুর গ্রামের সুমন খন্দকার (৩৬)।

জুয়া মামলার তদন্ত অফিসার মেহেরপুর সাইবারক্রাইম ইনভেস্টিগেশন সেলের প্রধান উপপরিদর্শক (এসআই) মনিরুজ্জামান গত ২৯/১১/২০২২ তারিখে তাদের ৫ দিনের রিমান্ড আবেদন করলে বিজ্ঞ আদালত গত ৩০/১১/২০২২ তারিখে শুনানী শেষে তাদের তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন। রিমাণ্ডে অনলাইন জুয়ার আরেক হোতা গোপালপুর গ্রামের আশরাফুল ইসলামের ছেলে স্বপন (২৮) এর কথা স্বীকার করেছে। স্বপন অনলাইন জুয়া চ্যানেল ক্রয়-বিক্রয়ের হোতা হিসেবে কাজ করে।

আদালতের আদেশ পাওয়ার পর আসামি রাজু আহম্মেদ ওরফে রাজন (২০) ও সজীব আহম্মেদ (২৫) কে ৩ দিনের রিমান্ড নেওয়া হয়। রিমান্ডে তারা জুয়া খেলার আদ্যপ্রান্ত নিয়ে নানা তথ্য প্রদান করেন। সে জিজ্ঞাসাবাদে জানায়, অনলাইন জুয়ার মাস্টারমাইন্ড বদরুদ্দোজা ওরফে রয়েল ও প্রসেনজিৎ হালদার তার অনলাইন জুয়ার ব্যবসায়ীক পার্টনার। অনলাইন জুয়ার তিনটি চ্যানেলের মালিক সে। তার একটি চ্যানেল রাজন নগদ মেলবেট প্রসেনজিত হালদার চালাতেন। কিন্তু প্রসেনজিত হালদার গ্রেফতারের পর পলাতক সাহেবপুর গ্রামের কাইজার আলীর ছেলে রতন মিয়া (৩০) গোপনে চালাচ্ছে। তার অপর চ্যানেলটি লোকা নগদ লাইনবেট পুলিশের অনবরত অভিযানে ফলে তার অন্য সাব এজেন্ট সদর উপজেলার শ্যামপুর গ্রামের বখতিয়ার খালেদ বুলবুল(৩০) এর নিকট ৮ লাখ টাকায় বিক্রি করে দিয়েছেন। তিন নং চ্যানেল সিআর-৭ মেলবেট রকেট আর্ণব আহমেদ ওরফে মোমিন (২৭) এর কাছে আছে। এছাড়া সে জানায় তার অনলাইন জুয়া কারবারে ব্যবহৃত সিমকার্ডগুলো গ্রেফতারকৃত সজীব আহম্মেদের সহযোগীদের দিয়ে সংগ্রহ করা হয়েছে।

রাজন আরো বলেন, অনলাইন জুয়ার মাধ্যমে অবৈধ ই ট্রানজেকশনের জন্য চারটি গ্রুপকে একত্রিত হয়ে হয়। প্রথম গ্রুপের সদস্যরা রাশিয়ান সাইন ১এক্◌্রবেট এবং মেলবেট এজেন্ট হওয়ার জন্য কাজ করে। দ্বিতীয় গ্রুপটি প্রথম গ্রুপ এজেন্ট হওয়ার প্রাপ্ত চ্যানেল ডলার বা ই মানি সংগ্রহের কাজ করে। তৃতীয় গ্রুপ দেশের বিভিন্ন প্রান্ত থেকে মোবাইল ব্যাংকিং এজেন্ট সিম কার্ড সংগ্রহের কাজ করে। চতুর্থ গ্রুপ জুয়া পরিচালনার মাধ্যমে অবৈধ ই ট্রানজেকশন করে। এই সব গ্রুপগুলো একে অপরের পরিপুরুক হিসেবে কাজ করে। এজেন্ট হওয়ার জন্য রাশিয়ান সাইন ১এক্◌্রবেট এবং মেলবেট এর এডমিন গ্রুপের সাথে মেইলের মাধ্যমে যোগাযোগ করতে হয়।

যোগাযোগের মাধ্যম হিসেবে তাদের ভেরিফাইড মেইলে এজেন্টশীপ হওয়ার জন্য মেইল করে। তাদের মেইল করার জন্যও একটি ফরমেট আছে। এজেন্টশীপের জন্য জাতীয় পরিচয়পত্র সংবলিত ছবি এজেন্টের বর্তমান ছবি, ব্যবসায়ী প্রতিষ্ঠানে ছবি ও ভিডিও দিতে হয়। এছাড়া ব্যবসা প্রতিষ্ঠানের কর্মরত কর্মীদের নাম ঠিকানাসহ ছবি ব্যবসা পরিচালনার জন্য ব্যবসায়ীক ব্যাংক এস্টেমেন্ট এর স্ক্যান করা কপিসহ আনুসাঙ্গিক কাগজপত্র পাঠাতে হয়। এসব কাগজপত্র যাচাই-বাছাই শেষে এজেন্টশীপ দেওয়ার বিষয় সন্তোষজনক মনে হলে তারা তাদের বাংলাদেশের প্রতিনিধির সাথে যোগাযোগ করার জন্য অনুমতি দেন। তাদের রাশিয়ান সাইন ১এক্◌্রবেট এবং মেলবেট এর বাংলাদেশের প্রতিনিধির একটি লিংক দেন।

পরে বাংলাদেশের প্রতিনিধির সাথে টেলিগ্রামে কথা বলে তাদের সম্মতিতে বাংলাদেশ প্রতিনিধির সাথে কথোপকথনের স্কিন শর্ট তাদের টেলিগ্রামে পাঠাতে হয়। পরে তাদের বাংলাদেশের প্রতিনিধিরা একটি ইউজার আইডি ও পাসওয়ার্ড দেন। এই ইউজার এবং পাসওয়ার্ডের মাধ্যমে রেড্ডি নামক এ্যাপলিকেশন এবং মেনেজমেন্ট.আইও ওয়েবসাইটে প্রবেশ করা হয়। ইউজার আইডি ও পাসওয়ার্ড পর প্রয়োজন হয় ব্যালেন্স প্রবেশ করানো এবং অবৈধ ই ট্রানজেকশনের মাধ্যম হিসেবে মোবাইল ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং সিমকার্ড। সে কয়েকজন এজেন্ট নিয়োগ দিয়ে এই অবৈধ কারবার চালিয়ে আসছে।

রিমান্ডের অপর আসামি সজিব খান বলেন, সে গ্রেফতারকৃত বদরুদ্দোজা ওরফে রয়েল ও পলাতক নাসির শাহ (২৮) এর সাথে ব্যবসায়ীক পার্টনার হিসেবে কাজ করে। সে অনলাইন চ্যানেল চালানোর পাশাপাশি অবৈধ এজেন্ট সিমকার্ড সংগ্রহের কাজ করে। এলাকা এবং রাজশাহী থেকে এজেন্ট সিম কার্ড সংগ্রহ করে বলে স্বীকার করে সে। এসব এজেন্ট সিমকার্ড দিয়েই অনলাইন জুয়ার অবৈধ ই ট্রানজেক্শন করে। বেশ কিছু অবৈধ এজেন্ট সিমকার্ড ও তার মালিকের নাম ঠিকানাও জানিয়েছে সে। সজীব খান জানিয়েছে, একটি অবৈধ এজেন্ট সিমকার্ডের মালিককে মাসিক ৩৫ থেকে ৫০ হাজার টাকা ভাড়া দিতে হয়।

তদন্ত অফিসার মনিরুজজামান তার প্রতিবেদনে উল্লেখ করেন, দুই আসামি রিমান্ডে ১৬১ ধারায় জবানবন্দী দিলেও ১৬৪ ধারায় আদালতে জবানবন্দী দিতে অস্বীকৃতি জানিয়েছেন।

সম্প্রতি শহরের কাথুলী সড়কের এবি ক্যাফে রেস্টুরেন্ট অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের সাইদুর ইসলাম (২২),

জাহাঙ্গীর আলম (২৫),রফিকুল ইসলাম (৪১) এবং সদর উপজেলার পিরোজপুর গ্রামের সুমন খন্দকার (৩৬)আটক করা হয়।
এসময় তাদের কাছে থেকে ৫টি মোবাইল ফোন, অনলাইন জুয়ার সাইট পরিচালিত ২টি নগদ ও বিকাশের এজেন্ট সিম, নগদ ৫০ হাজার টাকা এবং ১০টি সিম উদ্ধার করেছে পুলিশ।

অনলাইন জুয়ার আরও সংবাদ

মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাংবাদিক সম্মেলন

মেহেরপুরে আপত্তিকর ভিডিও ধারণ করে ব্ল্যাকমেইল করা চক্রের নারী সহ আটলান্টিকা হোটেলের মালিক ও তার ছেলে গ্রেফতার “মুল হোতা মেহেরপুরের চার সাংবাদিক ও এক আইনজীবী” শিরোনামে সংবাদ প্রকাশ হয় গত ১ ডিসেম্বর বৃহস্পতিবার।

প্রকাশিত ওই সংবাদের আংশিক উদ্দেশ্যে প্রণোদিত উল্লেখ করে গতকাল রবিবার দুপুর ২ টার সময় জেলা আইনজীবী ভবনে সংবাদ সম্মেলন করেন জেলা আইনজীবী সমিতি।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেন সমিতির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন। এসময় তিনি বলেন, মেহেরপুর শহরের হোটেল আটলান্টিকা থেকে গ্রেফতারকৃত নারী ছন্দা, হোটেল মালিক মতিয়ার রহমান ও তার ছেলে মামুন গ্রেফতারের পর তাদের দেওয়া আদালতে ফৌ:কা:বি ১৬৪ ধারায় জবান বন্দী নিয়ে গত ১ ডিসেম্বর দৈনিক মেহেরপুর প্রতিদিনের প্রথম পাতায় ২য় ৩য় ও ৪র্থ কলামে সংবাদ প্রকাশিত হয়েছে।

প্রকাশিত ওই সংবাদে বলা হয়েছে গ্রেফতারকৃত আসামি ছন্দা খাতুন তার জবানবন্দীতে মেহেরপুরের চার সাংবাদিক ও জেলা আইনজীবী সমিতির নব নির্বাচিত সভাপতি অ্যাডভোকেট কামরুল হাসান এই চক্রের মূল হোতা

হিসেবে উল্লেখ করা হয়। কামরুল হাসান এবং সে ২৫ হাজার টাকা প্রদানসহ বিভিন্ন সময়ে বিভিন্ন লোকজনের সাথে নারী সরবরাহের সাথে জড়িত। অপর আইনজীবী নিয়ামুল খানের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তোলা হয়েছে। সংবাদে কিছু অংশ উদ্দেশ্যে প্রণোদিত আখ্যা দেওয়া হয়েছে। তিনি আরো বলেন, কামরুল হাসানকে মূল হোতা উল্লেখ করা হয়েছি। কিন্তু তিনি দাবী করেন, ১৬৪ ধারায় কামরুলকে ভিকটিম করা হয়েছে, হোতা করা হয়নি।

এসময় সাধারণ সম্পাদক অ্যাডভোকেট জিল্লুর রহমান, অ্যাডভোটে রফিকুল ইসলাম ও সদ্য নির্বাচিত সভাপতি অ্যাডভোকেট কামরুল হাসান উপস্থিত ছিলেন। এসময় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেসক্লাবে সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টুসহ জেলার বিভিন্ন গনমাধ্যম কর্মিরা উপস্থিত ছিলেন।

গাংনীতে সাংবাদিক সাজুর পিতার স্মরণে দোয়া ও মিলাদ মাহফিল

দৈনিক মানব জমিনের মেহেরপুর জেলা প্রতিনিধি ও গাংনী উপজেলা প্রেস ক্লাবের সদস্য সাহাজুল ইসলাম সাজুর পিতা প্রয়াত দবির উদ্দীনের স্মরণে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে গাংনী উপজেলা প্রেস ক্লাবের আয়োজনে এই দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকন, সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেলসহ প্রেস ক্লাবের সদস্যবৃন্দ।

গাংনী উপজেলা পরিষদের ঈমাম মাওলানা মোহাম্মদ ইলিয়াস হোসেন দোওয়া ও মোনাজাত করেন।

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (**) [redacted] ** [redacted] [redacted] [redacted] [redacted]

ভারতীয় ফেনসডিল উদ্ধার করে।দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে, দর্শনা থানার এস আই সোহেল রানা, এস আই সুমন্ত বিশ্বাস, এ এস আই মামুনুর রশিদ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা থানাধীন কেরু এন্ড কোম্পানীর ১ নং গেটের সামনে পাকা রাস্তার উপর।

এ সময় পুলিশ ২৩বোতল ভারতীয় ফেনসিডিলসহ নাচোল থানার কেন্দবনা গ্রামের রনি কে গ্রেফতার করে । আজ তাকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গার চিৎলা ইউপির সাবেক চেয়ারম্যানসহ বিএনপির ৪ নেতাকর্মী আটক

চুয়াডাঙ্গা জেলা যুবদলের সিনিয়র যুগ্ম-সাধারণ সহ বিএনপির ৪ নেতাকর্মীকে পুলিশ আটক করেছে বলে অভিযোগ উঠেছে। শনিবার (০৩ ডিসেম্বর) দিবাগত রাত জেলার বিভিন্নস্থান থেকে তাদেরকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, চুয়াডাঙ্গা জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ও আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব, সদরের আলুকদিয়া ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক আক্তারুজ্জামান, আলুকদিয়া ইউনিয়ন বিএনপির গ্রাম বিষয়ক সম্পাদক আশাদুল ইসলাম ও চুয়াডাঙ্গা পৌর ছাত্রদলের সদস্য সচিব মাজেদুল ইসলাম মেহেদী।

চুয়াডাঙ্গা জেলা যুবদলের সভাপতি শরিফুজ্জামান সিজার বলেন, আমাদের চুয়াডাঙ্গায় কোন প্রোগ্রাম নেই। ঢাকায় বিএনপির বিভাগীয় সমাবেশের কোন দিক নির্দেশনা ও আসেনি আমাদের কাছে। এরই মাঝে হঠাৎ করেই আমাদের নেতাকর্মীদের ধড়পাকড় শুরু করেছে পুলিশ। রাতে আমার বাড়িতেই রাতে পুলিশ এসেছিল। সব মামলায় আমরা জামিনে আছি।

তিনি আরও বলেন, সরকার নতুন করে প্রক্রিয়া করছে আমাদের নেতাকর্মীদের ভয়ভীতি দেখিয়ে মামলা দিয়ে জেলে রেখে ঢাকায় বিএনপির বিভাগীয় সমাবেশ কেউ যেন এগুতে না পারে। আমরা আগে থেকেই শুনছি বিভিন্নস্থানে পটকা ফুটিয়ে আমাদের নামে দোষারোপ করছে পুলিশ। আটক নেতাকর্মীদের অবিলম্বে মুক্তি দাবি করছি।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরীফ বলেন, শনিবার রাতে পুলিশ জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সম্পাদকসহ বিএনপির ৪ নেতাকর্মী আটক করেছে। থানাতে খোজ নিয়ে দেখেছি এদের নামে কোন মামলা নেই। আগামী ১০ ডিসেম্বর বিএনপি সমাবেশকে কেন্দ্র করে বিভিন্ন জেলা পর্যায়ে বিএনপি ও অঙ্গসংঘঠনের নেতৃত্ব পর্যায়ে নেতাকর্মীদের আটক করা হচ্ছে। পুলিশ বাদি হয়ে গায়েবি মামলা দেয়ার চেষ্টা করছে বলে শুনছি। এই গণগ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি এবং অবিলম্বে মুক্তি দাবি করছি।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন বলেন, আইনশৃংখলা রক্ষার ক্ষেত্রে গোপন সংবাদের ভিত্তিতে কাজ করে যাচ্ছে পুলিশ। সেই আলোকেই তাদেরকে আটক করা হয়েছে। আটকদের নিকট থেকে যা কিছু উদ্ধার হয়েছে সেই আলোকেই তাদের বিরুদ্ধে মামলা দায়ের হবে।

কোটচাঁদপুরে বিকাশ থেকে হ্যাক হওয়া টাকা নিয়ে বিপাকে ১ গ্রাহকসহ ২ বিকাশ এজেন্ট

বিকাশ থেকে হ্যাক হওয়া টাকা নিয়ে বিপাকে পড়েছেন কোটচাঁদপুরের এক গ্রাহকসহ দুই বিকাশ এজেন্ট। ওই ঘটনার ১৭ দিন পার হয়ে গেলেও পুলিশ কোন কুল কিনারা করতে পারেনি বলে অভিযোগ ভুক্তভোগিদের।

জানা যায়, গেল ১৪ নভেম্বর বিকাশ হ্যাকারের কবলে পড়েন উম্মে কুলসুম (উর্মি)। ওই বিকাশ হ্যাকার ৭ লাখ টাকার অফার দিয়ে ১ লাখ ৮০ হাজার টাকা হাতিয়ে নেন তাঁর কাছ থেকে।